

## 💵 সহজ ফিকহ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যয়: ইবাদাত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

## ইস্তিক্ষা বা বৃষ্টিপ্রার্থনার সালাত

ক- ইস্কিস্কা বা বৃষ্টিপ্রার্থনার সালাত শরী আতসম্মত হওয়ার হিকমত:

আল্লাহ তা'আলা মানুষকে সৃষ্টি করেছেন এবং অভাব-অন্টনে, বিপদে-আপদে তাকে সর্বদা তাঁর দিকে প্রত্যাবর্তন ও তাঁর কাছে আকুতি-মিনতি করার স্বভাবজাত করেই সৃষ্টি করেছেন। ইস্তিস্কা বা বৃষ্টিপ্রার্থনার সালাত মানুষের সে স্বভাবের এক বহিঃপ্রকাশ। মুসলিমগণ এ সালাতের মাধ্যমে অনাবৃষ্টি দেখা দিলে তার মহান রব আল্লাহর কাছে বৃষ্টিপ্রার্থনা করে।

খ- ইস্তিস্কা বা বৃষ্টিপ্রার্থনার সালাতের অর্থ:

সালাত, দো'আ, ও ইস্তিগফারের মাধ্যমে কোনো দেশ ও জাতির জন্য মহান আল্লাহর কাছে পানি প্রার্থনা করা।

গ- ইস্তিস্কা বা বৃষ্টিপ্রার্থনার সালাতের হুকুম:

ইস্তিস্কা বা বৃষ্টিপ্রার্থনার সালাত সুন্নাতে মুয়াক্কাদাহ। রাসূলুক্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম নিজে এ সালাত আদায় করেছেন ও মানুষের মাঝে ঘোষণা দিয়েছেন এবং এ সালাতের জন্য তিনি মুসল্লা তথা মাঠে গিয়েছেন।

ঘ- ইস্তিক্ষা সালাতের সময়, পদ্ধতি ও বিধি-বিধান:

ইস্তিস্কার সালাত ঈদের সালাতের মতোই।

ঙ- ইস্তিস্কা সালাতের ঘোষণা:

ইস্তিক্ষা সালাতের কিছুদিন আগেই ইমাম লোকজনকে এ সালাতের ঘোষণা দেওয়া মুস্তাহাব। মানুষকে গুনাহ ও যুলুম- অত্যাচার থেকে তাওবা করার আহ্বান করা, সাওম পালন, দান-সদকা করা ও ঝগড়া-ঝাটি পরিহার করার আহ্বান করা। কেননা গুনাহ অনুর্বরতা ও অনুৎপাদনের কারণ যেমনিভাবে আল্লাহর আনুগত্য কল্যাণ ও বরকতের কারণ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9619

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন